**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

সার্কুলার পত্র নং- এফইপিডি(রপ্তানি নীতি)২২০/২০১৬-৩৩ তারিখ ঃ ডিসেম্বর ২৭, ২০১৬

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত সকল অনুমোদিত
ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**শতভাগ রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্পের প্রতিটি কার্যাদেশের বিপরীতে মোট রপ্তানিমূল্যের ০.০৩% হারে অর্থ "কেন্দ্রীয় তহবিল (আরএমজি)" এ জমা প্রদান সম্পর্কিত ব্যাখ্যা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ডিসেম্বর ২১, ২০১৬ তারিখের ৪০.০০.০০০০.০১৫.২৮.০০২.১৬.৪৮৪ নম্বর পত্রের (কপি সংযুক্ত) প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

এফই সার্কুলার পত্র নম্বর-১৮, তারিখ- জুন ১২, ২০১৬ এর মাধ্যমে জ্ঞাপিত নির্দেশনার বিষয়টি অধিকতর স্পষ্টীকরণার্থে জানানো যাচ্ছে যে, এলসি, বায়িং কন্ট্রাক্ট, চুক্তি, পার্চেজ অর্ডার কিংবা এ্যাডভান্স পেমেন্ট ইত্যাদি যে পদ্ধতিতেই তৈরি পোশাক রপ্তানি করা হোক না কেন, মোট রপ্তানিমূল্যের ০.০৩% হারে অর্থ কর্তন করে BEFTN (Bangladesh Electronic Fund Transfer Network) এর মাধ্যমে সোনালী ব্যাংক লিঃ, রমনা কর্পোরেট শাখায় "Central Fund (RMG Sector)" শিরোনামীয় হিসাবে জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের পত্রে উল্লিখিত নির্দেশনার যথাযথ পরিপালন নিশ্চিত করার লক্ষ্যে আপনাদের সকল অনুমোদিত ডিলার ব্যাংক শাখাগুলোকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাকির হোসেন চৌধুরী)
উপ মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০২৫০

সংযোজনী ঃ বর্ণনা মোতাবেক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম ও আইন শাখা
www.mole.gov.bd

নং-৪০.০০.০০০০.০১৫.২৮.০০২.১৬. ৯৮৪

তারিখঃ ০৭ পৌষ, ১৪২৩ / ২১ ডিসেম্বর, ২০১৬

**বিষয় ঃ শতভাগ রপ্তানীমুখী তৈরী পোশাক শিল্পের প্রতিটি কার্যাদেশের বিপরীতে মোট রপ্তানী মূল্যের ০.০৩% হারে অর্থ "কেন্দ্রীয় তহবিল (আরএমজি)" এ জমা প্রদান সম্পর্কিত ব্যাখ্যা।**

সূত্র ঃ বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের গত ২৮/০৬/২০১৬ তারিখের এফইপিডি (রপ্তানী নীতি) ২২০/২০১৬-৫৭১৮ নং পত্র।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের মাধ্যমে এলসি ও কন্ট্রাক্ট এর পাশাপাশি এডভান্স পেমেন্ট এর বিপরীতে অর্থ কর্তণের নির্দেশনা কার্যকর হবে কিনা সে বিষয়ে ব্যাখ্যা প্রদানের অনুরোধ করা হয়েছে। আলোচ্য অনুরোধের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ তে শতভাগ রপ্তানীমুখী তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠানগুলোর প্রতিটি কার্যাদেশের মোট রপ্তানী মূল্যের ০.০৩% হারে অর্থ কর্তণ সম্পর্কিত বিধানাবলী প্রণয়নের মূল উদ্দেশ্য হচ্ছে তৈরী পোষাক যেভাবেই রপ্তানী করা হউক না কেন মোট রপ্তানী মূল্যের ০.০৩% অর্থ কর্তণ করে কেন্দ্রীয় তহবিলে (আরএমজি) জমা প্রদান করতে হবে। সুতরাং এলসি ছাড়াও বায়িং কন্ট্রাক্ট, চুক্তি, পার্চেজ অর্ডার কিংবা এডভান্স পেমেন্ট ইত্যাদি যে পদ্ধতিতেই তৈরী পোষাক রপ্তানী করা হউক না কেন তা এ আইনের আওতাভুক্ত হবে।

০২। প্রসঙ্গক্রমে উল্লেখ্য গত ০১ জুলাই, ২০১৬ হতে মোট রপ্তানী মূল্যের ০.০৩% হারে অর্থ কর্তণ করে সোনালী ব্যাংক রমনা কর্পোরেট শাখায় কেন্দ্রীয় তহবিলে (আরএমজি) জমা প্রদানের কার্যক্রম আরম্ভ হয়েছে। গত ২০/১২/২০১৬ তারিখ পর্যন্ত কেন্দ্রীয় তহবিলে মোট ১৮,৬২,৯৭৭.৮/- টাকা জমা হয়েছে। জমাকৃত অর্থের পরিমাণ আলোচ্য সময়ে যে মূল্যের তৈরী পোষাক বিদেশে রপ্তানী হয়েছে সে তুলনায় কম। সংশ্লিষ্ট সোনালী ব্যাংক কর্তৃপক্ষের সাথে আলোচনায় জানা গেছে যে, বিভিন্ন তফসিল ব্যাংকের শাখাসমূহ Check, Pay Oder, MT, BEFT, TRA ইত্যাদি মাধ্যমে কর্তণকৃত অর্থ কেন্দ্রীয় তহবিলে জমা প্রদান করছে। ব্যাংক কর্তৃপক্ষের ধারণা কোন কোন ক্ষেত্রে চেক যথাযথভাবে হিসাব নম্বরে জমা হচ্ছে না। এ ক্ষেত্রে তারা অভিমত দিয়েছেন যে, কর্তণকৃত অর্থ BEFT পদ্ধতিতে জমা প্রদান করা হলে এ অর্থ কেন্দ্রীয় তহবিলে ১০০ ভাগ জমা প্রদান নিশ্চিত হবে।

০৩। এমতাবস্থায়, এলসি, বায়িং কন্ট্রাক্ট, চুক্তি, পার্চেজ অর্ডার কিংবা এডভান্স পেমেন্ট ইত্যাদি যে পদ্ধতিতেই তৈরী পোষাক রপ্তানী করা হোক না কেন, মোট রপ্তানী মূল্যের ০.০৩% হারে অর্থ কর্তণ করে BEFT পদ্ধতিতে সোনালী ব্যাংক রমনা কর্পোরেট শাখায় কেন্দ্রীয় তহবিলে (আরএমজি) জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট তফসিল ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২১.১২.১৬

(শাহীন আখতার)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৭৫৫৯৬

গভর্ণর
বাংলাদেশ ব্যাংক।

**(দৃঃ আঃ জনাব মোঃ জাকির হোসেন চৌধুরী, উপ মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা)।**